

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২০. ফতোয়া প্রদান করা এবং এতে যে কঠোরতা রয়েছে

بَابُ الْفُتْيَا وَمَا فِيهِ مِنَ الشَّدَّةِ

আরবী

أَخْبَرَنَا عِصْمَةُ بْنُ الْفَضْلِ، حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، عَنْ يَزِيدَ بْنِ عُقْبَةَ، حَدَّثَنَا الضَّحَّاكُ، عَنْ جَابِرِ بْنِ زَيْدٍ، أَنَّ ابْنَ عُمَرَ لَقِيَهُ فِي الطَّوَافِ فَقَالَ لَهُ: يَا أَبَا الشَّعَثَاءِ إِنَّكَ مِنْ فُقَهَاءِ الْبَصْرَةِ فَلَا تُفْتِ إِلَّا بِقُرْآنٍ نَاطِقٍ، أَوْ سُنَّةٍ مَاضِيَةٍ، فَإِنَّكَ إِنْ فَعَلْتَ غَيْرَ ذَلِكَ، هَلَكَتَ وَأَهْلَكَتَ

إِسْنَادُهُ حَسَنٌ

বাংলা

১৬৬. জাবির বিন যায়িদ থেকে বর্ণিত, তাওয়াফ করার সময় ইবনু উমার তার সাথে সাক্ষাৎ করলেন, অতঃপর বললেন, ওহে আবু শা'ছা! নিশ্চয়ই তুমি বসরার ফকীহদের (প্রজ্ঞাবানদের) একজন। ফলে ফয়সালাকারী কুরআন কিংবা বিগত কোন সুন্নাহ ব্যতীত তুমি ফতওয়া দিও না। আর যদি তুমি তা কর (কুরআন-সুন্নাহ ব্যতীত ফতওয়া দাও), তবে তুমি নিজেও ধ্বংস হবে এবং (অন্যদেরকেও) ধ্বংস করবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: বুখারী, আত তারীখ ২/২০৪; খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ১/১৮৩ ও ২/১৬৩; আবু নুয়াইম, হিলইয়া ৩/৮৬;

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69477>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন